তারিখ 28 JAN 2016
পৃষ্ঠা ২৫ কলাম ৫

যুগান্তর

### স্থায়ী ক্যাম্পাস ইস্যু

# বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে আরও এক বছর সময় দেয়া হল

**যুগান্তর রিপোর্ট**

সরকারের তিন দফা দেয়া আলটিমেটামকে বৃদ্ধাঙ্গুলি দেখানো বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে আবারও স্থায়ী ক্যাম্পাসে যেতে ১ বছরের সময় দেয়া হয়েছে। বুধবার ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির সমাবর্তনে এ তথ্য জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। দেশে বর্তমানে ৮৯টি বেসরকারি বিশ্ববিদ্যালয় আছে। এর মধ্যে ৫৬টির বয়স ন্যূনতম ৭ বছর হয়েছে। বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন অনুযায়ী এসব বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসে কার্যক্রম পরিচালনার কথা। এগুলোকে স্থায়ী ক্যাম্পাসে যেতে ইতিপূর্বে সরকার ৩ দফা আলটিমেটাম দিয়ে ৪ বছর সময় দিয়েছে। কিন্তু এ সময়ের মধ্যে মাত্র ১৭টি স্থায়ী ক্যাম্পাসে গেছে বলে দাবি করছে শিক্ষা মন্ত্রণালয়। আলটিমেটাম অনুযায়ী এসব বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ভর্তি বন্ধ করে দেয়ার কথা ছিল। কিন্তু মন্ত্রণালয়টি কোনো শাস্তিমূলক পদক্ষেপ না নিয়ে গোপনে এসব বিশ্ববিদ্যালয়কে আরও ১ বছর সময় দিল।

বুধবার ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে শিক্ষামন্ত্রী সেই তথ্য নিজেই প্রকাশ করে বলেছেন, যেসব বিশ্ববিদ্যালয় এখনও সরকার নির্ধারিত শর্ত পূরণ করতে পারেনি, তাদের ১ বছরের মধ্যে সব শর্ত পূরণ করতে হবে। এর মধ্যে তারা ব্যর্থ হলে নতুন শিক্ষার্থী ভর্তি বন্ধসহ তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেয়া হবে।

বিশ্ববিদ্যালয়টির ১৫তম সমাবর্তন অনুষ্ঠানে এসব কথা বলেন শিক্ষামন্ত্রী। রাজধানীর আফতাব নগরে আয়োজিত সমাবর্তনে বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের প্রতিনিধি হিসেবে শিক্ষামন্ত্রী ওই অনুষ্ঠানের সভাপতিত্ব করেন। মন্ত্রী বলেন, যেসব বেসরকারি বিশ্ববিদ্যালয় নির্ধারিত শর্ত পূরণ করতে ব্যর্থ হয়েছে, যারা নিজস্ব ক্যাম্পাসে এখনও যায়নি, একাধিক ক্যাম্পাসে শিক্ষাকার্যক্রম পরিচালনা করছে, তাদের জন্য সরকার ১ বছর সময় বেঁধে দিয়েছে। তারা আইন অনুসারে সঠিকভাবে বিশ্ববিদ্যালয় চালাতে না পারলে ১ বছর পার হলেই নতুন শিক্ষার্থী ভর্তি বন্ধসহ তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেয়া হবে।

সমাবর্তনে বক্তব্য রাখেন— বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান, অধ্যাপক আবদুল মান্নান, বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সভাপতি ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. এমএম শহিদুল হাসানসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের কর্মকর্তা-কর্মচারীরা। অনুষ্ঠানে তিন শিক্ষার্থীকে স্বর্ণ পদকসহ ১ হাজার ৩১১ শিক্ষার্থীকে সনদ দেয়া হয়। এছাড়াও অনুষ্ঠানের শুরুতে সমাবর্তন শোভাযাত্রার নেতৃত্ব দেন শিক্ষামন্ত্রী। অনুষ্ঠানের সমাবর্তন বক্তা শিক্ষাবিদ অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল বলেন, সফলতা বলে কিছু নেই, যদি ব্যর্থতা না থাকে। অনেক প্রচেষ্টা ব্যর্থ হয়ে যায় তবেই সফলতা দেখা দেয়। তাই কর্মজীবনে হতাশ না হয়ে শিক্ষার্থীদের আশাবাদী হতে বলেন তিনি।